

আমরা স্বাগতম হব  
সকলে কর দিব  
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর অঞ্চল -১৪, ঢাকা  
আত-তুরীক টাওয়ার, ১২/১, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.taxeszone14.dhaka.gov.bd

### প্রেস বিজ্ঞপ্তি

বিভাগীয় নিয়োগ পরীক্ষা ২০২১, কর অঞ্চল-১৪, ঢাকা এর ০৫.১১.২০২১ খ্রি. তারিখের অনুষ্ঠেয় লিখিত পরীক্ষায় বই-পুস্তক, সকল প্রকার খড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগসহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা নিষেধ এবং শান্তিবোধ্য অপরাধ মর্মে নিম্নবর্ণিত বিষয়গুলো প্রার্থীদের অবগত করা হল-

০১. লিখিত পরীক্ষা ০৫.১১.২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ২০.১০.২০২১ খ্রি. রাত ১২.০০ ঘটিকা থেকে ০১.১১.২০২১ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত <http://tax14.teletalk.com.bd> ঠিকানা থেকে ডাউনলোড করা যাবে। ০১.১১.২০২১ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকার পরে কোনভাবেই প্রবেশপত্র ডাউনলোড করার সুযোগ থাকবে না।

০২. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, সকল প্রকার খড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা, প্রেসলেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ সামগ্রীসহ কোন প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

০৩. পরীক্ষা কেন্দ্রের গেইটে পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মোবাইল ফোন, খড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্য দিয়ে প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

০৪. পরীক্ষার সময় প্রার্থীদের কানের উপর কোন আবরণ রাখতে পারবেন না। কান খোলা রাখতে হবে।

০৫. পরীক্ষা চলাকালীন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থীদের মুখমণ্ডল আবেদনপত্র ও হাজিরা শীটে প্রদত্ত ছবির সাথে মিলিয়ে দেখা হবে। প্রার্থীর মুখমণ্ডলের সাথে আবেদনপত্র ও হাজিরা শীটের ছবির অমিল পাওয়া গেলে প্রার্থীকে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে এবং প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে আইন প্রয়োগকারী সংস্থার কাছে হস্তান্তর করা হবে।

০৬. পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে থাকার সময় মাস্ক পরতে হবে। কোন পরীক্ষার্থী মাস্ক ছাড়া প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থীদের অবশ্যই সঠিক স্বাস্থ্য বিধি এবং নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

১৪


০৭. জালিয়াতি, যে কোন ধরনের অসদুপায় অবলম্বন, কিংবা অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে আইন প্রয়োগকারী সংস্থার কাছে হস্তান্তর করতে পারে।

০৮. লিখিত পরীক্ষার আসন বিন্যাস নিম্নরূপ-

ক্রমিক নং	পদের নাম	কেন্দ্রের নাম	প্রার্থীর সংখ্যা
০১	উচ্চমান সহকারী	আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল	৫২৫৩
০২	স্টেনো-টাইপিষ্ট কাম কম্পিউটার অপারেটর	মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল	৭৪৭
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল	১৮৬৫
০৪	নোটিশ সার্ভার	মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল	৪৫০
০৫	অফিস সহকারী	মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল	২২১৯
০৬	নিরাপত্তা রক্ষী	মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল	৬৪
০৭	ড্রাইভার	মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল	৪৪

০৯. প্রবেশপত্রে উল্লেখিত নির্দেশাবলীসমূহ যথাযথভাবে পরিপালন করার পরীক্ষার্থীদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১০. বিভাগীয় নিয়োগ কমিটি পরীক্ষা সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার রাখেন এবং তা চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
১৯.১০.২০২১  
মোঃ মেহেদী মাসুদ ফয়সাল  
উপকর কমিশনার  
সদর দপ্তর (প্রশাসন)  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নিয়োগ কমিটি  
কর অঞ্চল -১৪, ঢাকা